

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০০৬.১৮- ২৬২

তারিখ: ১৬.০৭.২০১৮ খ্রি.

বিষয়: নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলাধীন বক্তাবলী ইসলামিয়া সিনিয়র আলিম মডেল মাদরাসার অধ্যক্ষ জনাব আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহ এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বক্তাবলী ইসলামিয়া সিনিয়র আলিম মডেল মাদরাসার অধ্যক্ষ এর আবেদন

তারিখ: ০৪.১০.২০১৭ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলাধীন বক্তাবলী ইসলামিয়া সিনিয়র আলিম মডেল মাদরাসার অধ্যক্ষ জনাব আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহ মার্চ/২০১২ খ্রি. মাস হতে মে/২০১৩ খ্রি. মাস পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ১৩.১১.২০১২ খ্রি. তারিখে তৎকালীন গভর্নিং বডি কর্তৃক অধ্যক্ষ জনাব আবু নোমান মুহাম্মদ অলী উল্লাহকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে মহামান্য সুপ্রীম কোর্টের ৪৬/১৭ নং লিভ টু আপিল এর আদেশের প্রেক্ষিতে মার্চ/২০১২ খ্রি. মাস হতে মে/২০১৩ খ্রি. মাস পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অধ্যক্ষ

বক্তাবলী ইসলামিয়া সিনিয়র আলিম মডেল মাদরাসা

ডাক: বক্তাবলী, উপজেলা:সদর, জেলা: নারায়ণগঞ্জ।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নারায়ণগঞ্জ।
- ৫। সভাপতি, বক্তাবলী ইসলামিয়া সিনিয়র আলিম মডেল মাদরাসা, ডাক: বক্তাবলী, উপজেলা:সদর, জেলা: নারায়ণগঞ্জ।
- ৬। অফিস কপি।